

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.২০১.২০১৫-২২৪

তারিখ : ১১ ফেব্রুয়ারি, ২০১৬।

বিষয় : ভোলা জেলার তজুমদ্দিন উপজেলা পরিষদ ভবনের বকেয়া ভাড়া পরিশোধ।


সূত্র : ১. স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০২৬.০০.০০.২০১.২০১৫-৫৯০; তারিখ: ১৪ মে, ২০১৫।

সূত্র : ২. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.১১৮.০৩.০৩৭.২০০৭-০৫; তারিখ: ০৪ জানুয়ারি, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে ১নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে ভোলা জেলার তজুমদ্দিন উপজেলা পরিষদের ক্ষণিকা ভবন বাংলাদেশ কোস্ট গার্ডের আউট পোস্ট, দক্ষিণ জোন এর অফিস কাম বাসভবন হিসেবে ব্যবহার করায় মে/২০১০ হতে মার্চ/২০১৫ তারিখ পর্যন্ত বকেয়া সর্বমোট ৬,৭৯,৬৮০/- (ছয় লক্ষ উনাশি হাজার ছয়শত আশি) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয় (কপি সংযুক্ত)। তদ্ব্যতিরিক্তে ২নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে মে/২০১০ হতে ডিসেম্বর/২০১৪ তারিখ পর্যন্ত ৬,৪৫,৭৯২/- (ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতশত বিরানব্বই) টাকা উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন বরাবর পরিশোধ করা হয়েছে মর্মে জানানো হয়। কিন্তু জানুয়ারি/২০১৫ হতে মার্চ/২০১৫ তারিখ পর্যন্ত ৩৪,৫৬০/- (চৌত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকা পরিশোধ করা হয়েছে কিনা তা ২নং সূত্রোক্ত পত্রে উল্লেখ করা হয়নি।

০২। এমতাবস্থায়, ভোলা জেলার তজুমদ্দিন উপজেলা পরিষদের ক্ষণিকা ভবন বাংলাদেশ কোস্ট গার্ডের আউট পোস্ট, দক্ষিণ জোন-এর অফিস হিসেবে ব্যবহৃত হওয়ায় উক্ত ভবনের জানুয়ারি/২০১৫ হতে মার্চ/২০১৫ পর্যন্ত মোট ভাড়া ৩৪,৫৬০/- (চৌত্রিশ হাজার পাঁচশত ষাট) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৪.....পাতা।


(ড. জুলিয়া মর্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, তজুমদ্দিন, ভোলা।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।